

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবির সঙ্গে তুরস্কের নিগদে ওমর হলিসদেমির
বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষর**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের নিগদে ওমর হলিসদেমির (Nigde Omer Halisdemir University) বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ উপলক্ষে গত ১৭ এপ্রিল ২০২৫ নিগদে ওমর হলিসদেমির বিশ্ববিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে নিগদে ওমর হলিসদেমির বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেক্টর অধ্যাপক ড. হাসান ওস'ল।

অনুষ্ঠানে অন্যান্যের মাঝে নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কোলাবোরেশান ও কো-অপারেশন সেন্টার এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. রোকনুজ্জামান সিদ্দিকী ও নিগদে ওমর হলিসদেমির বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এ চুক্তি উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে কৃষি প্রযুক্তি বিনিময়, শিক্ষক-শিক্ষার্থী যৌথ গবেষণা, স্টাফ প্রশিক্ষণ ও টেকনিক্যাল কোলাবোরেশনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪